## RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2018**
**FIRST YEAR [BATCH 2017-20]**
**BENGALI (Honours)**
**Paper : II**

Date : 19/05/2018
Time : 11 am – 3 pm
Full Marks : 100

## বিভাগ - ক

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। [২×১০]

ক) চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর পদাবলী সাহিত্যের ভাবাদর্শগত পার্থক্য সংক্ষেপে আলোচনা করে চৈতন্যোত্তর কবি গোবিন্দদাসের কবিকৃতির মূল্যায়ন করো। [৪+৬]

খ) গীতিকার সংজ্ঞা দাও। ময়মনসিংহ গীতিকার বিশেষত্বগুলি সংক্ষেপে আলোচনা করো। [২+৮]

গ) 'অন্নদামঙ্গল' কাব্যের কাহিনি উল্লেখ করে যুগসন্ধির কবি ভারতচন্দ্রের কাব্যের মধ্যে আধুনিকতার যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা আলোচনা করো। [৪+৬]

ঘ) বাউল গানে ধর্মতত্ত্ব থাকলেও মানুষকেই বড় করে দেখানো হয়েছে — যুক্তিসহ আলোচনা করো। [১০]

২। টীকা লেখো (যে কোনো **একটি**) । [১×৫]

ক) কেতকাদাস ক্ষেমানন্দ

খ) কবীন্দ্র পরমেশ্বর

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। [২×১২·৫]

ক) পালি ভাষা বলতে কী বোঝ? ক্লাসিক্যাল সংস্কৃত বলতে কী বোঝ? অর্ধমাগধী গোষ্ঠী থেকে কোন্ কোন্ নব্যভারতীয় আর্যভাষার সৃষ্টি হয়েছে? প্রাচীন বাংলার তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য ও তিনটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। [২·৫+২·৫+১·৫+৬]

খ) ধ্বনির আগম বলতে কী বোঝায়? উদাহরণসহযোগে ধ্বনির আগম সম্পর্কে বিস্তৃত আলোচনা করো। [২·৫+১০]

গ) ধ্বনিপরিবর্তনের ধারায় স্বরধ্বনির রূপান্তরের একটি প্রক্রিয়া এবং ব্যঞ্জনধ্বনির রূপান্তরের একটি প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করো। শব্দার্থতাত্ত্বিক পরিবর্তনের ধারায় অর্থবিস্তার এবং অর্থসংকোচ সম্পর্কে আলোচনা করো। শব্দার্থ পরিবর্তনের ধারায় অতীত ইতিহাসের ইঙ্গিত কী পাওয়া যেতে পারে? [(২·৫+২·৫)+ (২·৫+২·৫)+ ২·৫]

ঘ) উপভাষার সংজ্ঞা দাও। মানভূম জেলার বাংলা উপভাষাটির পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য ও পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। [২·৫+(৫+৫)]

## বিভাগ - খ

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

ক) পূর্বাচার্য কবি মুকুন্দ চক্রবর্তীর অভয়ামঙ্গল কাব্যটি নানাকারণে রবীন্দ্রনাথের পছন্দ হয়নি। এই কাব্যের আখেটিক খণ্ডের নানা অসামঞ্জস্য ও কল্পনার আতিশয্য কবির চোখে কাব্যের শ্রীহানি করেছে। —আলোচনা করো।

খ) 'বণিকসহ কালকেতুর কথোপকথন' ও 'কালকেতুর অঙ্গুরীবিক্রয়' কাব্যাংশ অবলম্বনে মুরারী শীল চরিত্রের শঠতা ও প্রবঞ্চক মনোভঙ্গীর পরিচয় দাও।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও । [১×৪]

ক) 'সপ্তম পুরুষে মোর তুমি পুরোহিত।
দেবতা সমান বুঝি তোমার চরিত।।' — পুরোহিতের নাম কী? কে কোন প্রসঙ্গে একথা বলেছে? [১+১+২]

খ) ‘যখন পাকিবে খন্দ          পাতিবে বিষম দ্বন্দ্ব
দরিদ্রের ধান্যে দিব নাগা।’ — কে কাকে একথা বলেছে? কোন প্রসঙ্গে বলেছে? [১+১+২]

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৫]

ক) লোক-সংস্কৃতির উদ্ভব, বিকাশ ও স্বরূপ সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

খ) বাক্‌কেন্দ্রিক ও আচারকেন্দ্রিক লোক-সংস্কৃতি সম্পর্কে সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করো।

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। [২×৫]

ক) বক্রোক্তি অলংকারটি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

খ) বিশেষোক্তি অলংকারের সংজ্ঞা দাও। ‘দেহ দগ্ধ করি তার শক্তি তুমি পারনি নাশিতে— / কন্দর্প ভুবন জয় করে, শম্ভু হাসিতে হাসিতে।’ — উদাহরণটিকে বিশেষোক্তি অলংকারের উদাহরণ হিসাবে গ্রহণ করা যায় কিনা আলোচনা করো।

গ) ব্যাজস্তুতি অলংকারটি উদাহরণসহ ব্যাখ্যা করো।

ঘ) অর্থান্তরন্যাস অলংকারটি উদাহরণসহ ব্যাখ্যা করো।

৮। যে কোনো **দুটি**র ব্যাখ্যা সহ অলংকার নির্ণয় করো। [২×৫]

ক) ঝর্ণা! ঝর্ণা! সুন্দরী ঝর্ণা!
তরলিত চন্দ্রিকা চন্দনবর্ণা।

খ) জানালার কাছে চীৎকার করে মরবে বাতাস।
জানালর কাছে মুরছি পড়িবে ভোরের আকাশ।

গ) মেহগনির মঞ্চ জুড়ি
পঞ্চ হাজার গ্রন্থ;
সোনার জলে দাগ পড়ে না,
কেউ খোলে না পাতা,
অস্বাদিত মধু যেমন
যূথী অনাঘ্রাতা।

ঘ) বিষ্ণুর বৈষ্ণবী কিংবা ভবের ভবানী,
ব্রহ্মার ব্রাহ্মাণী কিংবা ইন্দ্রের ইন্দ্রানী।

———— × ————